# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪০১

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩৪. আল্লাহ ছাড়া অন্য কারও বা কিছুর উদ্দেশ্যে ইলম অন্বেষণকারীর নিন্দা

بَابُ: التَّوْبِيخِ لِمَنْ يَطْلُبُ الْعِلْمَ لِغَيْرِ اللَّهَ

---

আরবী

أَخْبَرَنَا أَبُو الْمُغِيرَةِ، حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ، عَنْ حَسَّانَ، قَالَ: «مَا ازْدَادَ عَبْدٌ بِاللَّهِ عِلْمًا، إِلَّا ازْدَادَ النَّاسُ مِنْهُ قُرْبًا مِنْ رَحْمَةِ اللَّهِ

إسناده صحيح

বাংলা

৪০১. আওযাঈ হাসসান হতে বর্ণনা করেন, তিনি বলেন: যখন বান্দার আল্লাহ সম্পর্কিত জ্ঞান বৃদ্ধি পায়, তখন আল্লাহর রহমতে লোকেরা ঐ ব্যক্তির নৈকট্য অর্জনে দ্রুত অগ্রসর হয়।[1]

---

وَقَالَ فِي حَدِيثٍ آخَرَ: " مَا ازْدَادَ عَبْدٌ عِلْمًا: إِلَّا ازْدَادَ قَصْدًا، وَلَا قَلَّدَ اللَّهُ عَبْدًا قِلَادَةً خَيْرًا مِنْ سَكِينَةٍ[2]

অপর হাদীসে তিনি বলেন: (আল্লাহর) কোনো বান্দা যখন তার জ্ঞানকে সমৃদ্ধ করে নেয়, তখন সে (এর দ্বারা) তার হেদায়েতকেও সুসংহত করে নেয়। আর আল্লাহ কোনো বান্দাকে প্রশান্তি বা স্থিরতার চেয়ে উত্তম কোনো সম্পদে ভূষিত করেননি।[3]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আবু নুয়াইম, হিলইয়া ৬/৭৪; ইবনু আব্দুল বার, জামি’ বায়ানিল ইলম নং ১৫০৮।

[2] (মুহাক্কিক্ব এটি এবং পরের হাদীসটি- এ দু'টি হাদীসেরই নম্বর দিয়েছেন ৪০২ করে। আমরা এটির নম্বর দেয়া হতে বিরত রইলাম এবং পরেরটিকেই ৪০২ নং হিসেবে ঠিক রাখলাম- অনুবাদক)

[3] তাহক্বীক্ব: এর সনদও পূর্বের হাদীসটির মতো সহীহ। এখানে ব্যতীত আমি এটি অন্যত্র পাইনি। পূর্বের টীকা এবং ইবনুল মুবারক, আয যুহদ ১৭৮; হিলইয়া, ৫/১২৩ দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69712

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন